উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২২-২০০৮ তারিখ ঃ ১০/১০/২০২২ খ্রিঃ

## সভার নোটিশ

আগামী ১৩ ই অক্টোবর ২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মতিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলার সরকারি বিভাগীয় প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

১। উপজেলা ..........................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

১০/১০/২০২২
(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

Scanned with CamScanner

উপজেলা পরিষদ কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।

ত্রিশাল উপজেলা পরিষদ এর অক্টোবর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১৩/১০/২০২২ খ্রি.
সময় : বেলা ১২:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আক্তারুজ্জামান সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ১৫/০৯/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এল.জি.ই.ডি :<br>উপজেলা প্রকৌশলী অত্র মাসিক সাধারণ সভার সম্মানিত সভাপতিসহ সকল সদস্যকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে অবহিত করেন যে, এলজিইডি বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। তিনি সকল সদস্যের দৃষ্টি আকর্ষন করে অবহিত করেন যে, অত্র উপজেলার সড়কে যদি কোন ঝুঁকিপূর্ণ জরাজীর্ন সেতু বিদ্যমান থাকে তাহলে তাকে বা তার দপ্তরকে যেন অবহিত করা হয়। এছাড়াও তিনি ২০২২-২৩ অর্থ বছরে এডিপি বাস্তবায়নের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনার বিষয়টি অবহিত করেন এবং আগামী মাসের মধ্যে বিভিন্ন ইউনিয়নে সংশ্লিষ্ট কারিগরী কর্মকর্তা প্রাক্কলন প্রস্তুতের জন্য যাবেন এবং তাদের কে সহযোগীতার অনুরোধ জানান। | প্রস্তাবমতে, ঝুঁকিপূর্ণ ও জরাজীর্ন সেতুর তালিকা করার এবং এডিপি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কারিগরী কর্মকর্তাকে সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সার্বক্ষনিক ২৪ ঘন্টা জরুরী বিভাগ চালু রয়েছে। এছাড়াও বহিঃ বিভাগে প্রতিদিন সকাল ০৮ টা থেকে ২.৩০ পর্যন্ত রোগীর সেবা চলমান রয়েছে এবং অন্তঃ বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। করোনা টিকার কার্যক্রম ও অন্যান্য কার্যক্রম চালু রয়েছে। | উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই।<br>চেয়ারম্যান, সাখুয়া ইউনিয়ন পরিষদের চাহিদা মোতাবেক তার ইউনিয়নে স্থায়ীভাবে একজন ব্লক সুপারভাইজারকে দায়িত্ব দেওয়া হয়েছে। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভাপতির অনুমতিক্রমে সভায় অনুপস্থিত ছিলেন। | - | - |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আগামী ১৪ ই অক্টোবর বিশ্ব ডিম দিবস। ডিম দিবসের গুরুত্ব বিবেচনা করে তিনি ডিমের গুরুত্বের উপর একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন এবং ডিমের বিভিন্ন উপকারীতার জন্য সকলকে ডিম খাওয়ার পরামর্শ দেন, পাশাপাশি ১৪ ই অক্টোবর বিশ্ব ডিম দিবসের সফলতা কামনা করেন। | প্রস্তাবমতে প্রান্তিক পর্যায়ে সেবা one stop service এর মাধ্যমে প্রদানের লক্ষে ইউনিয়ন কমপ্লেক্স ভবনে তৈরীকৃত প্রাণীসম্পদ বিভাগের কক্ষটি বুঝিয়ে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় সকল ভাতাভোগীর জুলাই-সেপ্টেম্বর/২২ পর্যন্ত ১ম কিস্তির টাকা প্রেরণ করা হয়েছে। আগামী ০৭ থেকে ১০ দিনের মধ্যে ভাতার টাকা আসবে বলে প্রত্যাশা করছি। এই সময় এক শ্রেণীর প্রতারক চক্র, ভাতাভোগীর মোবাইল ফোন করে পিন/OPT নম্বর হাতিয়ে নিয়ে ভাতার টাকা তুলে নেয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতনতা তৈরির জন্য আহবান জানাচ্ছি। উল্লেখ্য যে, সমাজসেবা অফিস থেকে কখনো পিন নাম্বার চাওয়া হয় না। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এছাড়া আমাদের ১৮১ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের কাজ চলছে, পরবর্তীতে উপজেলার কিন্ডার গার্টেন ও অন্যান্য বেসরকারি বিদ্যালয় গুলোতে টিকা প্রদান করা হবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ অগ্রাধিকার ভিত্তিতে বড়মা কাকচর স্কুলটির ২য় তলা করার জন্য প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে জানান। এ বিষয়ে প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বড়মা কাকচর স্কুলটির ২য় তলার অনুমোদন করানোর জন্য সর্বাত্তক চেষ্টা করবেন বলে জানান। | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>অগ্রাধিকার ভিত্তিতে বড়মা কাকচর স্কুলটির ২য় তলার অনুমোদন করানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিভাগীয় কাজে বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রজনন স্বাস্থ্য সেবা ও শিশু স্বাস্থ্য সেবা কার্যক্রম চলমান আছে। প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্যসেবা প্রাপ্তি নিশ্চিতকরনে স্যাটেলাইট ক্লিনিকের ব্যবস্থা করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাবিখা, কাবিটা, টি.আর (নির্বাচনী এলাকার) কাজ মাঠে চলমান রয়েছে। সম্মানিত জেলা প্রশাসক মহোদয়ের কাছ থেকে কাবিখা, কাবিটা, টি.আর (উপজেলা পরিষদ) প্রকল্পের অনুমোদন পাওয়া গিয়েছে। প্রকল্প বাস্তবায়ন কমিটি জমা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। প্রকল্প বাস্তবায়ন কমিটি পাওয়া গেলে দ্রুত বরাদ্দ ছাড় করে কাজ শুরু করা হবে। এছাড়া এই দপ্তরের আওতাধীন অত্র উপজেলায় ০৫ টি ব্রীজের কাজ চলমান রয়েছে, টি.আর কর্মসূচীর অধীনে মুজিববর্ষের ৩৩ টি ঘরের মধ্যে রায়মনিতে ১৩ টি ঘরের কাজ চলমান রয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় টি.আর কর্মসূচীর অধীনে মুজিববর্ষের ৩৩ টি ঘরের কাজ পরিদর্শনের জন্য সভাপতি মহোদয়, বিভাগীয় কর্মকর্তাবৃন্দ, রাজনৈতিক ব্যক্তিবর্গ, সাংবাদিকবৃন্দ সহ সকলকে অনুরোধ জানান এবং কাজে কোন ধরনের ক্রটি পরিলক্ষিত হলে সঙ্গে সঙ্গে যথাযথ কর্তৃপক্ষকে অবগত করার কথা বলেন। | মুজিববর্ষের ৩৩ টি ঘরের কাজ সুন্দরভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, জাতীয় স্যানিটেশন মাস ২০২২ ও বিশ্ব হাত ধোয়া দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে আগামী ১৯/১০/২০২২ খ্রিঃ তারিখে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হবে। উক্ত র‍্যালি ও আলোচনা সভায় সকলের উপস্থিতি কামনা করছি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের ভালরাবেল উইমেন বেনিফিট (ভি ডব্লিউ বি) এর সেপ্টেম্বর/২০২২ মাসের খাদ্য বিতরনের প্রতিবেতন পাওয়া গিয়েছে। অক্টোবর/২০২২ মাসের ডিও খাদ্যের ছাড়পত্র বিতরণ করা হয়েছে। এছাড়া অধিদপ্তর হতে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক আইজিএ প্রশিক্ষন কার্যক্রম স্থগিত রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরেরর সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতির ৪০ জন মহিলা সদস্যের ৬০ দিনের সেলাই প্রশিক্ষন কর্মসূচী গাজীপুর ট্রেনিং সেন্টারে শুরু হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>উপজেলা বন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান যে, উপজেলা বন কর্মকর্তা পর পর ০৭ টি সভায় অনুপস্থিত ছিলেন। যা অত্যন্ত দুঃখজনক। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করে উপজেলা বন কর্মকর্তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় প্রস্তাব করেন। | প্রস্তাবমতে উপজেলা বন কর্মকর্তা শোকজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, আগামী ১ লা নভেম্বর জাতীয় যুব দিবস, ২০২২ উদযাপন করা হবে। সারা বাংলাদেশের ন্যায় ত্রিশাল উপজেলায়ও যথাযথ মর্যাদায় দিবসটি উদযাপন করা হবে। সবাইকে আমন্ত্রন রইল। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর কার্যক্রম উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে স্বাভাবিক ভাবে চলছে। উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ (ইউসিসিএ লিঃ) এর নির্বাচন আগামী ১০/১১/২০২২ ইং তারিখ অনুষ্ঠিত হতে যাচ্ছে, তন্মধ্যে নির্বাচনের মনোনয়ন ফরম বিক্রয় ও বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং নির্বাচনের অন্যান্য কার্যক্রম চলমান আছে। "দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধি উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী" এর চরকুমারিয়া সর্দারপাড়া অপ্রধান শস্য দল এ ০৬ (ছয়) জন সদস্যের মাঝে ঋণ প্রদান করা হয় ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা।<br><br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, জাইকা হতে প্রাপ্ত উপজেলা পরিষদের এম্বুলেন্স ও ট্রাকটরের সেড নির্মানের জন্য যে স্থান নির্বাচন করা হয়েছে, সেখানে কর্তৃপক্ষের বিনানুমতিক্রমে একটি স্কুল পরিচালিত হচ্ছে। এ বিষয়ে যথাযথ পদক্ষেপ নেয়ার জন্য তিনি সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>প্রস্তাবমতে, উপজেলা পরিষদ কমপ্লেক্স এর ভিতরে কর্তৃপক্ষের বিনানুমতিক্রমে পরিচালিত স্কুলটি অনতিবিলম্বে সরিয়ে নেয়ার জন্য যথাযথ পদক্ষেপ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৭ | জাইকা ঃ<br>ইউজিডিপি সভায় জানান যে, এ বছর উপজেলা পারফরম্যান্স এসেসমেন্ট হবে অনলাইনে। গভরনেন্স বিষয়ক তথ্য উপজেলার ওয়েবপোর্টাল এ আপডেট করা খুবই জরুরী। এছাড়াও ষষ্ঠ রাউন্ডে যে সকল প্রকল্প প্রস্তাব পাঠানো হবে তা অবশ্যই বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় অর্ন্তভূক্ত থাকতে হবে। তাই এপি চূড়ান্ত করার পুর্বে এ বিষয়টি নিশ্চিত করা জরুরী। | উপজেলা পারফরম্যান্স এসেসমেন্ট সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগীতার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ১৮ | বিবিধ ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অফিসিয়াল ই-মেইল নিয়মিত ব্যবহার করার জন্য অনুরোধ জানান। | প্রস্তাবমতে সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অফিসিয়াল ই-মেইল নিয়মিত ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

Scanned with CamScanner

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২২- তারিখ : ১৩/১০/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা -------------------------------- অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

Scanned with CamScanner